১১৩

দৈনিক ইত্তেফাক

তারিখ JAN. 6 1999
পৃষ্ঠা ৭ কলাম ২

# পঞ্চগড় এম আর সরকারী কলেজে ছাত্র-ছাত্রী মাত্র ৪৩ জন

পঞ্চগড় সংবাদদাতা ॥ পঞ্চগড় মকবুলার রহমান সরকারী কলেজে ছাত্র-ছাত্রী মাত্র ৪৩ জন। ইহার মধ্যে বিজ্ঞান বিভাগে ৩৯ জন এবং কলা বিভাগে ৪ জন। বাণিজ্য বিভাগে কোন ছাত্র-ছাত্রী নাই। কলেজটিতে বর্তমানে ১ জন অধ্যক্ষ, ১১ জন সহকারী অধ্যাপক ও ১৩ জন প্রভাষক এবং ২ জন প্রদর্শক, ১ জন শরীরচর্চা শিক্ষক রহিয়াছেন। যদিও সরকারীভাবে পদের সংখ্যা ১ জন অধ্যক্ষ, ১৪ জন সহকারী অধ্যাপক, ২২ জন প্রভাষক, ৩ জন প্রদর্শক ও ১ জন শরীরচর্চা শিক্ষক।

কলেজটিতে ছাত্র-ছাত্রী ভর্তি না হওয়ার কারণ অনুসন্ধানে জানা যায়, সরকারীকরণের পূর্বে কলেজটির কোন বিভাগেই শিক্ষক সংকট ছিল না। শিক্ষকগণও ছিলেন অভিজ্ঞতাসম্পন্ন। এইজন্য বৃহত্তর দিনাজপুর জেলার অভিভাবকগণ সন্তানদের এই কলেজে ভর্তি এবং ছাত্র-ছাত্রীরা শিক্ষা গ্রহণ করিতে পারিলে নিজেকে ভাগ্যবান মনে করিত। কিন্তু কলেজটি সরকারী হইবার সাথে সাথে প্রভাষকগণ পদোন্নতি পাইয়া নিজ পছন্দমত কলেজে বদলী হইয়া চলিয়া যান। ফলে পদগুলি বরাবর শূন্যই থাকিয়া গিয়াছে। ইহাতে অভিভাবকগণ সন্তানদের ও মেধাবী ছাত্র-ছাত্রীরা কলেজটিতে ভর্তির আগ্রহ হারায়।

অপরদিকে সাধারণ ছাত্র-ছাত্রীরা শিক্ষা মন্ত্রণালয়ের বিধি-বিধানকে উপেক্ষা করিয়া জেলার যে সকল কলেজে পরীক্ষা কেন্দ্র রহিয়াছে এবং পরীক্ষায় অবাধ নকল ও অসদুপায় অবলম্বনের সুযোগ পাইতেছে, সেই সকল কলেজে গণহারে ভর্তি হইয়াছে। তাই সরকারী কলেজটিতে ছাত্র-ছাত্রী নাই বলিলেই চলে।